# হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট মেডিকেল কলেজ
# HOLY FAMILY RED CRESCENT MEDICAL COLLEGE

১, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০, বাংলাদেশ। ফোন: +৮৮ ০২ ৯৩৫৩০৩১, ৪৮৩১৩২৩৪, ফ্যাক্স: +৮৮ ০২ ৯৩৫৩০১১
1, Eskaton Garden Road, Dhaka-1000, Bangladesh, Phone : +88 02 9353031, 48313234, Fax : +88 02 9353011

হফ্যারেক্রিমেক/ ৮৮৬/২০২৫
তারিখ: ১৫.০৪.২০২৫ইং

## অস্বচ্ছল মেধাবী কোটায় ভর্তি বিজ্ঞপ্তি

**২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে অস্বচ্ছল মেধাবী কোটায় ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তি সম্পর্কিত নির্দেশাবলী:**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের বিজ্ঞপ্তি অনুযায়ী ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে বেসরকারি হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট মেডিকেল কলেজে এমবিবিএস কোর্সে (ব্যাচ: এইচএফ-২৬) অস্বচ্ছল মেধাবী কোটায় ভর্তির জন্য নির্বাচিতদের তালিকা প্রকাশিত হয়েছে। তালিকানুযায়ী শিক্ষার্থীদের সাক্ষাৎকার আগামী ২৬.০৪.২০২৫ইং তারিখ শনিবার সকাল ৯:০০টায় কলেজ কনফারেন্স রুমে অনুষ্ঠিত হবে। উক্ত সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য একজন অভিভাবক এবং সকল প্রকার সনদপত্রের মূল কপি ও প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ সকাল ৮:৩০টায় উপস্থিত থাকার জন্য বলা হলো।

উল্লেখ্য, অস্বচ্ছল মেধাবী কোটায় সাক্ষাৎকার গ্রহণের জন্য আগামী ২০.০৪.২০২৫ ইং তারিখ অফিস চলাকালীন সময়ের (সকাল ৮:০০টা হতে বেলা ২:০০টা) মধ্যে অত্র কলেজে নিম্নেবর্ণিত কাগজপত্রাদি জমা দিতে হবে।

**অস্বচ্ছল মেধাবী কোটায় সাক্ষাতকারের জন্য নিম্নোক্ত কাগজপত্রাদি জমা দিতে হবে:**

ক) ৩০০/- টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে অভিভাবকের বার্ষিক আয় ও অস্বচ্ছলতার স্বপক্ষে নোটারী পাবলিক কর্তৃক প্রদত্ত হলফনামা অবশ্যই সংযুক্ত করতে হবে।
খ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান / পৌর ওয়ার্ড কাউন্সিলর / কমিশনারের অস্বচ্ছলতা স্বপক্ষে প্রত্যয়ন পত্র।
গ) ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে এমবিবিএস ভর্তি পরীক্ষার প্রবেশপত্র।
ঘ) ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে এমবিবিএস ভর্তি পরীক্ষার রেজাল্টের কপি।
ঙ) এইচএসসি/সমমানের পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড।
চ) এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট / নম্বরপত্র।
ছ) এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষা পাসের মূল সনদ ও প্রশংসাপত্র।
ছ) নাগরিকত্ব/জন্মনিবন্ধন এর সনদপত্র ।
জ) চার কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি (প্রবেশপত্রের অনুরূপ ছবি)।

**উপরোল্লিখিত তারিখ ও সময়ের মধ্যে বর্ণিত কাগজপত্রাদি জমাদানে ব্যর্থ হলে অস্বচ্ছল মেধাবী কোটায় ভর্তির নিমিত্তে সাক্ষাতকার গ্রহণের জন্য কোন আবেদন গ্রহণ করা হবে না।**

১৫/০৪/২৫

**অধ্যাপক ডাঃ কে. এম. মজিবুল হক**
**অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)**
**হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট মেডিকেল কলেজ।**

Prof. Dr. K. M. Mozibul Haque
Principal (Acting)
Holy Family Red Crescent Medical College
15 APR 2025